

## অন্য কারো সম্পত্তিতে কর্মীদের দুর্ঘটনা হলে কে তা রিপোর্ট করার দায়িত্বপ্রাপ্ত?

### (Who is responsible for reporting accidents that occur to employees at someone else's premises?)

সংশ্লিষ্ট বিধানমালা হলো The Reporting of Injuries, Diseases and Dangerous Occurrences Regulations 1995 (RIDDOR). এই রেগুলেশনস্ এর অধীনে জানানোর দায়িত্ব “দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি”-র ওপর। নিচের টেবিলে বেশীরভাগ কর্মস্থলে কে দায়িত্বপ্রাপ্ত তা সংক্ষেপে দেয়া হলোঃ

**মৃত্যু, গুরুতর আঘাত, ৩ দিনের বেশী ধরনের আঘাত, বা অসুস্থতার কেস**

**কর্মকর্তা কর্মচারীর**

এই ব্যক্তির নিয়োগকর্তা।

**স্ব-নিয়োজিত ব্যক্তি অন্য কারো নিয়ন্ত্রিত সম্পত্তিতে কর্মরত অবস্থায়**

যে ব্যক্তির এই সম্পত্তিতে নিয়ন্ত্রণ রয়েছেঃ ঘটনার সময়; এবং কোনো কেনা-বেচা, ব্যবসা বা উদ্যোগের সাথে ঘটনাটি সম্পর্কিত হলে

**গুরুতর আঘাত, ৩ দিনের বেশী ধরনের আঘাত, অথবা অসুস্থতার কেস**

**স্ব-নিয়োজিত ব্যক্তি (নিজেদের) নিয়ন্ত্রিত সম্পত্তিতে কর্মরত অবস্থায়**

স্ব-নিয়ন্ত্রিত ব্যক্তি বা তাদের পক্ষে কেউ কাজ করলে

**মৃত্যু, বা আঘাত যার ফলে চিকিৎসার্থে হাসপাতালে সরিয়ে নেয়া প্রয়োজন (বা হাসপাতালে ঘটা গুরুতর আঘাত)**

কোন ব্যক্তির, যে কাজে নিয়োজিত নয় তবে অন্য কারো কাজের ফলে ক্ষতিগ্রস্ত, যেমন- জনগণের একজন, ছাত্র

যে ব্যক্তির নিয়ন্ত্রণ আছে, ঐ সম্পত্তিতে, যেখানে, অথবা যেখানে কাজ চলমান অবস্থায় সেই কাজের সাথে সম্পর্কিত কারণে দুর্ঘটনা ঘটেছেঃ ঘটনার সময়; এবং তাদের কোনো কেনা-বেচা, ব্যবসা বা উদ্যোগের সাথে ঘটনাটি সম্পর্কিত হলে।

**মারাত্মক ঘটনাসমূহ**

বেশীরভাগ মারাত্মক ঘটনাবলী যে ব্যক্তির নিয়ন্ত্রণ আছে ঐ সম্পত্তিতে যেখানে, বা যে কাজ চলমান অবস্থায় মারাত্মক ঘটনাবলী ঘটেছে তার সাথে সম্পর্কিত হলে, তাঁর দ্বারাই রিপোর্টযোগ্য।

রিপোর্ট করার শর্ত ভিন্ন হয় খনি, পাথর আহরণস্থল, উপকূলবর্তী স্থাপনাসমূহ, কূপ ও ডুবুরী দ্বারা সম্পন্ন কর্মকান্ডের স্থানে। পূর্ণ বিবরণ L73 তে পাওয়া যাবে।

সূত্র : L73, A guide to the reporting of injuries, diseases and dangerous occurrences Regulations 1995, (ISBN 0717624315 – HSE Book-এ পাওয়া যাবে)

- **RIDDOR Explained** - ফ্রি তথ্যপত্র